



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR
www: brur.ac.bd




স্মারক নম্বর- বেরোবি/রেজিঃ/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২১/ ২৪৩

তারিখ ০২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিজ্ঞাপিত পদে আবেদনের শর্তাবলী

প্রভাষক	১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় যে কোন একটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অপরটিতে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে অথবা সনাতন পদ্ধতিতে একটিতে প্রথম শ্রেণী ও অপরটিতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী থাকতে হবে।। ৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.৫০ অথবা চতুর্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে অথবা উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। ৪. অন্যান্য যোগ্যতা সমান থাকলে প্রকাশনা ও উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
---------	-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

১	অপ্রকাশিত প্রকাশনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। স্বীকৃত জার্নাল বলতে Peer Reviewed জার্নাল বুঝাবে। মানসম্মত Website/Electronic জার্নালে প্রকাশিত প্রকাশনা ছাড়া অন্য Website এর প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
২	প্রার্থীকে আবেদন ফরমের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল ও সাময়িক সনদ পত্র ও নম্বর পত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র এবং (গ) সদা তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। (ঘ) মোট ১২ (বারো) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৩	চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৪	প্রার্থীকে পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৫	প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ০৭/-(সাত) টাকার ডাক টিকিট সংযুক্ত ২৪x১১সে:মি:/১০x ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে দিতে হবে।
৬	প্রাপ্ত আবেদন ফরম সমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭	ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন ফরম (গ্রহণের শেষ তারিখের পর) গ্রহণ করা হবে না।
৮	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।


কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অবঃ)
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
ই-মেল: registrar@brur.ac.bd